সংবাদ

তারিখ ... ...22-1-85 ...
পৃষ্ঠা... .. ...1 কলাম 7... ...

# কম্পিউটারও কথা বলে

মস্কো, ২১শে জানুয়ারী (বাসস/রয়টার)। —সোভিয়েত বাইলো রাশিয়াতে যে নাগরিকদের গ্যাস বিল বকেয়া পড়বে, একটি কথা বলতে সক্ষম কম্পিউটার ফোন করে তাদের সতর্ক করে দেবে। বার্তা সংস্থা তাসের খবরে এটা বলা হয়েছে।

স্থানীয় রিসার্চ ইন্সটিটিউট উদ্ভাবিত "ফোনেমোফোন" কম্পিউটার প্রজাতন্ত্রের রাজধানী মিনস্ক-এ বিদ্যুৎ সরবরাহ মনিটর করার জন্য ব্যবহৃত হচ্ছে এবং তা স্বয়ংক্রিয়ভাবে বিল পরিশোধে ব্যর্থ নাগরিকদের জানিয়ে দেবে।

তাস জানিয়েছে, 'এই পরীক্ষার যৌক্তিকতা প্রমাণিত হয়েছে, বকেয়া বিলের পরিমাণ কমে গেছে।"

মিনস্ক ইন্সটিটিউট এর স্বরসংশ্লেষণকারী কম্পিউটারগুলোকে পরিবহণ ব্যবস্থা, কেমিষ্টদের দোকান এবং ফোনের বিল করার কাজসহ ঘর-গৃহস্থালির নতুন কাজের তথ্য দ্বারা সমৃদ্ধ করাছ।

(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## কথা বলে

(১ম পাতার পর)

ইংরাজী শিক্ষা দেয়ার জন্য, এই কথা বলায় সক্ষম কম্পিউটার ব্যবহার করতে যেয়ে মস্কো বিশ্ববিদ্যালয়ের সমস্যা দেখা দিয়েছে বলে তাস জা- য়েছে। এ যন্ত্রটি বাইলো রাশিয়ান উচ্চারণ ভঙ্গীসহ ইংরাজী বলে থাকে।